গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

## ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদ্যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ২২ মার্চ ২০২৩, বেলা ২.০০ টা |
| স্থান | : | সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালে ১৫ আগস্টে শাহাদাত বরণকারী এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে নিহত সকল শহিদ, নির্যাতিতা সকল মা-বোন ও জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি সকলকে স্বাগত জানিয়ে আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রশাসন অনুবিভাগের পক্ষে যুগ্মসচিব (বাজেট) জানান, ২৫ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গত ৩০-০১-২০২৩ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে এবং গত ০৬-০৩-২০২৩ তারিখে জননিরাপত্তা বিভাগে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী তিনি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেন।

০২. সভায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচির আলোকে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট কর্মসূচি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩. সভায় বিস্তারিত আলোচনার পর ২৫ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | ২৬ মার্চ ২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবনে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ২. | ২৬ মার্চ ২০২৩ তারিখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা কার্যালয়সমূহে এবং বর্তমানে চালুকৃত মেট্রোরেল স্টেশন সমূহে আলোকসজ্জা করতে হবে। **তবে কোনক্রমেই ২৫ মার্চ ২০২৩ তারিখ আলোকসজ্জা করা যাবে না।** | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৩. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা কার্যালয়সমূহ এবং বর্তমানে চালুকৃত মেট্রোরেল স্টেশনসমূহ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোকে ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রঙ্গিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিত করতে হবে। এ বিভাগের উদ্যোগে ০৬টি স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। এছাড়া ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৪. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ২৬ মার্চ ২০২৩ তারিখে ডিএমটিসিএল এর উত্তরাস্থ মেট্রোরেল এক্সিবিশন সেন্টারে বিনা টিকিটে দর্শনার্থীদের পরিদর্শনের বিষয়টি সকলের অবগতির জন্য প্রচার করতে হবে। | ডিএমটিসিএল |
| ৫. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উপলক্ষে ঢাকা-সাভার মহাসড়কটি মেরামত/সংস্কার, পরিচ্ছন্ন, প্রয়োজনীয় নির্দেশনা চিহ্ন স্থাপন, স্পিড ব্রেকার সমূহে ফ্লোরোসেন্ট রং এর মাধ্যমে মার্কিং ও সড়কদ্বীপে রং করতে হবে। | সওজ অধিদপ্তর |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৬. | ২৬ মার্চ ২০২৩ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জেলা প্রশাসনের আয়োজিত সকল অনুষ্ঠানের সওজ অধিদপ্তর, বিআরটিএ এবং বিআরটিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ব্যানারসহ অংশগ্রহণ, পুষ্পস্তবক অর্পণ, অফিস ভবনে ব্যানার টাঙ্গানো এবং আলোকসজ্জা করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | সওজ অধিদপ্তর, বিআরটিএ, বিআরটিসি |

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২২.৩.২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-৩৩৫

তারিখ: ০৮ চৈত্র ১৪২৯ / ২২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৫. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২২.০৩.২০২৩

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

-০৩-

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১৮.০৫৪.০৫(৭ম খন্ড)- ৩৫১(৩০)    তারিখঃ ২৩-০৩-২০২৩

অনুলিপি জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, প্রশাসন শাখা এর পত্র নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-৩৩৫ তারিখ ২২ মার্চ ২০২৩ এর প্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের বিষয়ে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে ২২ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (সওজ অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং/টেকনিক্যাল সার্ভিসেস উইং/যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/ওয়েস্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/মাতারবাড়ী বন্দর উন্নয়ন শীর্ষক প্রকল্প (সওজ অংশ)/টেকনিক্যাল এসিস্ট্যান্স ফর রোড ট্রান্সপোর্ট কানেক্টিভিটি ইম্প্রুভমেন্ট প্রজেক্ট প্রি-পারেটরী ফ্যাসিলিটি (RTCIPPF) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প, ঢাকা/সিলেট-তামাবিল মহাসড়ক পৃথক এসএমভিটি লেনসহ ৪-লেনে উন্নীতকরণ, ঢাকা/ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প /সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/সার্পোট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প, ঢাকা/কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (ধরখার) জাতীয় মহাসড়ককে (এন-১০২) চার লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প।

৩। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (ভিত্তিতে), হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প/সাইনবোর্ড-মোড়লগঞ্জ-রায়েন্দা-শরণখোলা-বগী সড়কের (আর-৭৭৩) ১৭তম কিলোমিটারে পানগুচি নদীর উপর পানগুচি সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/বরিশাল (দিনেরারপুল)-লক্ষ্মীপাশা-দুমকি সড়ক (জেড-৮০৪৪) এর ২৭তম কিলোমিটারে পান্ডব পায়রা নদীর উপর নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/ময়মনসিংহ কেওয়াটখালী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গল্লামারী-বাটিয়াঘাটা-দাকোপ-নলিয়ান ফরেস্ট সড়ক (জেড-৭৬০৬) এর ২৮তম কিলোমিটারে চুনকুড়ি নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক, সওজ, .......................

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (সওজ), ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। নির্বাহী প্রকৌশলী/উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক, সওজ, .................... (সকল)।

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।